দৈনিক সংবাদ

তারিখ 19 FEB 1997
পৃষ্ঠা ৮ কলাম ৭

19

# কারমাইকেল কলেজে ভর্তির জন্য আবেদন করেছে ৪১ হাজার ছাত্রছাত্রী

॥ মাহবুব রহমান ॥

রংপুর, ১৮ই ফেব্রুয়ারি।– চলতি সেশনে অনার্স শ্রেণীতে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে ১ হাজার ৩শ' ৫০টি আসনে ভর্তির জন্য ৪১ হাজার ছাত্রছাত্রী আবেদনপত্র জমা দিয়েছে। গত রোববার এই ভর্তির আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত শেষ দিন ছিল।

কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ সূত্রে জানা গেছে, ১৪টি বিভাগে অনার্সে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা রয়েছে। বাংলায় ১শ' ২০টি আসনের জন্য জমা পড়েছে ২ হাজার ৭শ' ৮০টি, ইংরেজিতে ১শ'টির, জন্য ২ হাজার ২শ' ২টি, একইভাবে উদ্ভিদ বিজ্ঞান বিভাগে ৫০টি আসনের জন্য ২ হাজার ১শ' ৫টি, পদার্থবিদ্যা বিভাগে ৫০টি আসনের জন্য ২ হাজার ১শ' ৫০টি। গণিত বিভাগে ৯০টি আসনের জন্য ১ হাজার ৫শ' ২টি, অর্থনীতি বিভাগে ১শ' ২০টি আসনের জন্য ৩ হাজার ২শ' ৩৮টি, ইসলামের ইতিহাস বিভাগের ১শ' ২০টি আসনের জন্য ১ হাজার ৭শ' ৫০টি, হিসাববিজ্ঞান বিভাগের ১শ' ৩০টি আসনের জন্য ২ হাজার ১শ' ২টি, ব্যবস্থাপনা বিভাগে ১শ' ৩০টি আসনের জন্য ২ হাজার ৪শ' ৭৮টি ও দর্শন বিভাগে ১শ'টি আসনের জন্য ২ হাজার ৯শ' ২টি আবেদনপত্র জমা পড়েছে। এর ফলে চলতি ভর্তি সেশনে নির্ধারিত আসন অনুযায়ী ৩৯ হাজার ৬শ' ৫০ জন ছাত্রছাত্রী এই শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে। এ পরিস্থিতির মুখে এসব ছাত্রছাত্রীসহ তাদের অভিভাবকরা মারাত্মক উৎকণ্ঠার মধ্যে দিনযাপন করছে। এ কলেজের ভর্তি কমিটির চেয়ারম্যান সূত্রে জানা গেছে, যদিও প্রায় ছাত্রছাত্রী একাধিক ফরম ক্রয় করে আবেদনপত্র জমা দিয়েছে তবুও হিসেব করে দেখা গেছে, এবার এসব ছাত্রছাত্রীর মধ্যে প্রায় ৩৫ হাজার ছাত্রছাত্রী এই কলেজে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে। এবার এই কলেজে সবচেয়ে বেশি আবেদনপত্র জমা পড়েছে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১শ' ২০টি আসনের জন্য ৩ হাজার ২শ' ৬০টি।